

কালিদাস রায়

রবীন্দ্রনাথের উদ্দেশে

বালক তখন, বুদ্ধি ছিল না তোমার কবিতা পড়ি  
বুঝি বা না বুঝি তরণ পরাণ উঠেছিল গুঞ্জরি,  
করিনু আবিষ্কার,  
দেখি বা না দেখি, যত বড় হও, তুমি বড় আপনার।  
আপনার জন ভেবে তাই মোর আ-নিার কোণে তুলি  
শিশিরসিক্ত কুন্দকুসুমগুলি  
একমুঠা শুধু তোমারে দিলাম, হাত দিয়া পরশিলে  
মধুর হাসিয়া শুভাশিস বরষিলে।  
ছিল না লজ্জা, ছিল না কুণ্ঠা, সঙ্কেচ এক রতি,  
ব্রজরাখালের মূঢ় প্রীতি যেন রাখালরাজের প্রতি।

বয়স বাড়িল, তোমার কাব্যে নিত্য প্রেরণা লভি  
লিখিতে শিখিনু, বন্ধুজনেরা মোরেও বলিল কবি।  
তোমার রচনা যত পড়ি আর যত লিখে যাই নিজে,  
তত বুঝিলাম তোমাতে আমাতে দূর ব্যবধান কী যে।  
তুমি কোথা, আর আমি কোথা পড়ে আছি।  
হয়নি সাহস যাই তব কাছাকাছি।

(সংক্ষিপ্ত)